

ব্রিগেডিয়ার জেনারেল মাহবুব আহমেদ জাকারিয়া, বীর প্রতীক, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি

ব্রিগেডিয়ার জেনারেল মাহবুব আহমেদ জাকারিয়া ১৯৬৪ সালের ১৭ মে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা লে: কমান্ডার(অবঃ) এ, কে, এম মাহবুবুল ইসলাম এবং মাতা মরহমা হোসনে আরা ইসলাম।

তিনি ১৯৮৬ সালে বাংলাদেশ সেনাবাহিনীর ১৪ বিএমএ লং কোর্সের সাথে ইস্ট বেংগল রেজিমেন্টে কমিশন লাভ করেন।

চাকুরি জীবনে তিনি বিভিন্ন পর্যায়ে সেনাবাহিনী ও কুয়েত সশস্ত্র বাহিনীতে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি বর্তমানে বিটিএমসি'র চেয়ারম্যান হিসেবে কর্মরত আছেন।

তিনি ১৯৯০ সালে পার্বত্য চট্টগ্রামে দুঃসাহসিক অপারেশনের স্বীকৃতিস্বরূপ বীর প্রতীক উপাধিতে ভূষিত হন।

ব্রিগেডিয়ার জেনারেল মাহবুব আহমেদ জাকারিয়া সেনাবাহিনীর কমান্ড, স্টাফ ও প্রশিক্ষণ ক্ষেত্রে বিভিন্ন ইউনিট/সদর দপ্তর/প্রতিষ্ঠানে দক্ষতার সংজ্ঞা দায়িত্ব পালন করেছেন। তিনি দেশে বিদেশে সেনাবাহিনীর বিভিন্ন প্রশিক্ষণে অংশ গ্রহন করেছেন।

ব্রিগেডিয়ার জেনারেল মাহবুব আহমেদ জাকারিয়া কুয়েত, সৌদি আরব, মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া, পাকিস্তান, ভারত, নেপাল, শ্রীলংকা, থাইল্যান্ড, মিশর, জার্মানি এবং ভিয়েতনাম ভ্রমণ করেছেন।

ব্যক্তিগত জীবনে ব্রিগেডিয়ার জেনারেল মাহবুব আহমেদ জাকারিয়া, বীর প্রতীক বিবাহিত এবং এক পুত্র ও কন্যা সন্তানের জনক।